

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৬.২০-৭৯

তারিখঃ ২১/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ প্যাকেজ নং-UGIIP-III-3/AF/SHAH/UT-DR/01/2019 (Tender ID No-381364) এর বিপরীতে দরপত্রে অংশগ্রহণকারী দরদাতা ICL PVT LTD কে দরপত্র মূল্যায়নে রেসপনসিভ দরদাতা হিসেবে বিবেচনা করার বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ-শাহজাদপুর পৌরসভা কার্যালয়ের পত্র নং-৮৭১; তারিখঃ ১৬/০৩/২০২০ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি ক্রয়ে অংশগ্রহণে ব্যক্তির যোগ্যতার বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-৪৮(১)(ক), ২(ঙ) ও (চ) এর বিধান নিম্নরূপঃ

“৪৮(১)(ক): তাহারা আইন ও এই বিধিমালায় উল্লিখিত পেশাগত ও নৈতিকতার মানদণ্ড মানিয়া চলিতে সক্ষম।

৪৮(২)(ঙ): নৈতিক বিধি প্রতিপালনের ক্ষেত্রে, উক্ত ব্যক্তি নিশ্চয়তা প্রদান করিবে যে, আইনের ধারা-৬৪ এবং এই বিধিমালায় অধীন কোন ক্রয়কারী কর্তৃক তাহাদের কোন ক্রয়কার্যে অংশগ্রহণ করা হইতে বিরত করা হয় নাই বা কোন আদালত কর্তৃক তাহাদেরকে প্রতারণা, দুর্নীতি, ষড়যন্ত্র বা জবরদস্তিমূলক কার্যকলাপের জন্য দণ্ড প্রদান করা হয় নাই।

৪৮(২)(চ): উপ-দফা (ঙ) এর অধীন বিরতকরণ, তাহাদের স্বনামে, বেনামে বা ভিন্ন কোন নামে প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রেও, যদি থাকে প্রযোজ্য হইবে।”

০২। বিবেচ্য পত্রে উল্লেখ করা হয়েছে যে, বর্ণিত ICL Pvt Ltd এর পূর্বতন প্রতিষ্ঠানে M/S Islam Traders কে কাজ বাস্তবায়নে ব্যর্থতার জন্য এলজিইডি কর্তৃক ২৩/০৯/২০১৯ তারিখ থেকে ২২/০৯/২০২১ তারিখ পর্যন্ত বারিত (debar) করা হয়। উক্ত বারিতকরণ উপর্যুক্ত বিধি-৪৮(১)(ক), ২(ঙ) ও (চ) এর নির্দেশনা অনুযায়ী রূপান্তরিত প্রতিষ্ঠান ICL Pvt Ltd এর ক্ষেত্রেও প্রযোজ্য হবে। এমতাবস্থায়, বর্ণিত ICL Pvt Ltd এর দরপত্রটি গ্রহণ করার সুযোগ নেই।


(মোসামঃ মোসুম্মা হাবিব)
উপপরিচালক
ফোন- ৯১৪৪২৫২-৩/২০৩

নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
শাহজাদপুর পৌরসভা কার্যালয়
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা-১২০৭।
৩. অফিস কপি।